



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং - মশিবো/ময়মন/কলেজ/২০২১/ ৯৪২

তারিখঃ ০৭/০২/২০২২


বিষয়ঃ ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা ডাউনলোড ও ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নেওয়া প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ ভিত্তিক তালিকা আগামী ১৮/০২/২০২২ তারিখ দুপুর ২.০০ টা থেকে একাদশ শ্রেণিতে ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এর (college login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে) লগইন করে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বোর্ড কর্তৃক অনলাইনে প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা উল্লেখিতক্রম অনুযায়ী ভর্তি করতে হবে। উক্ত তালিকা বর্হিভূত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না।

কলেজে ভর্তির সময় শিক্ষার্থী এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেওয়া যাবে তবে শিক্ষার্থী পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।

অন্যথায় রেজিস্ট্রেশন অথবা অন্য কোন উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে


০৭.০২.২২.

প্রফেসর শেখ মোঃ হাবিবুর রহমান

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন: ০৯১৫৩৩৩৬

ইমেইল: inscollbisemym@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান